দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 19 JAN 1989 ... ...
পৃষ্ঠা ... ... 5 কলাম 7 ... ...

23

# ১৮ মাসের বেতন বাকী

গত ২২শে মার্চ ১৯৮৭ ইং তারিখে হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে আমাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগপত্র দেয়া হয়। কিন্তু প্রায় ১৮ মাস চাকরি করার পরও আমরা বেতন পাচ্ছি না। এব্যাপারে কর্তৃপক্ষের নিকট আবেদন করা হলে তারা জানান যে আমাদের চাকরির প্যানেলে এমপি সাহেবের অনুমোদন না থাকায় আমাদের চাকরি চূড়ান্ত হিসাবে গণ্য হয়নি। জানা যায় যে উপজেলা চেয়ারম্যানের সাথে মত পার্থক্যের কারণে মাননীয় এমপি সাহেব প্যানেলে স্বাক্ষর দিতে অস্বীকৃতি জানান। কিন্তু কথা হলো যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগ লাভ এবং প্রায় ১৮ মাস চাকরি করার পরও কেন আমাদের চাকরি চূড়ান্ত হিসাবে হবে না? কর্তৃপক্ষীয় মত পার্থক্যের কারণে আমরা কেন দুর্গতি পোহাবো অথচ বিষয়টি সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ে আবেদন করেও কেন স্থির সিদ্ধান্ত পাচ্ছি না। এদিকে গত বছরের ভয়াবহ বন্যার ফলে এমনিতেই আমরা বিপর্যস্ত অবস্থায় আছি, তার উপর গত ১৮ মাস বেতন না পেয়ে আমরা ১৮ জন শিক্ষক শিক্ষিকা সন্তান-সন্ততি নিয়ে যে কি নিদারুণ কষ্টে কালাতিপাত করছি তা বিধাতাই শুধু জানেন।

এ অবস্থায় সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন বিষয়টি সম্পর্কে অতিসত্বর যথাযথ ব্যবস্থা গ্রহণ করে এই দুর্দিনে আমাদের বেঁচে থাকতে সাহায্য করুন।

মোঃ জাফর আলী ও
আরও ১৭ জন শিক্ষক/শিক্ষিকা
বাহুবল, হবিগঞ্জ।